# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 09 May, 2025

গাজীপুরের মৌচাকে অনুষ্ঠিত হয়েছে স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র 'জাতীয় ইয়ুথ ফোরাম– ২০২৫'।৫ থেকে ৮ মে চারদিন ব্যাপী আয়োজিত এ সম্মেলনে সারাদেশ থেকে প্রায় ৭০ জন ইয়ুথ অংশগ্রহণ করেন।এতে ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) থেকে অংশগ্রহণ করেছে রোভার মো. শান্ত শিশির। অনুষ্ঠানের উদ্বোধনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটসের সদস্য সম্পাদক মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ। পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সেনা কমান্ডার- আব্দুল্লাহ আল তাহমিদ, বাংলাদেশ স্কাউটস এডহক কমিটির সদস্য মোহনাজ মুন্নি, বাংলাদেশ স্কাউটস প্রোগ্রাম বিভাগের পরিচালক মাহফুজা পারভীন ও জাতীয় স্কাউট প্রশিক্ষণ কেন্দ্রের পরিচালক জনাব উনু চিং মারমা।

জাতীয় ইয়ুথ ফোরামে অংশগ্রহণের অনুভূতু জানিয়ে শিশির বলেন, “আমাদের জন্য ‘জাতীয় ইয়ুথ ফোরাম’ একটি অসাধারণ প্রাপ্তি।এখানে যেমন আমাদের কাজের স্বীকৃতির পাশাপাশি সমাজ, রাষ্ট্র ও মানুষের প্রতি আমাদের দায়বদ্ধতা ও সৃষ্টি হচ্ছে।আমাদের শুধু জাতীয় পর্যায়ে নয়, সুযোগ রয়েছে আন্তর্জাতিক অঙ্গনে কাজ করারও।খুব শীঘ্রই ভিয়েতনামে অনুষ্ঠিতব্য এশিয়া প্যাসিফিক অঞ্চলে বাংলাদেশের প্রতিনিধিত্ব করবো আমরা তরুণরাই।

আমি ইসলামী বিশ্ববিদ্যালয় এবং বিশেষ করে ইবি রোভার স্কাউটস গ্রুপের প্রতি কৃতজ্ঞ।’ উল্লেখ্য, জাতীয় ইয়ুথ ফোরামে অংশগ্রহণের পূর্বে শিক্ষার্থীরা নিজ নিজ রোভার ইউনিট, জেলা পর্যায় ও আঞ্চলিক পর্যায়ে সফলতার সাক্ষর রাখেছেন।এছাড়া জাতীয় ইয়ুথ ফোরামের মাধ্যমে তাদেরকে দক্ষ নেতৃত্ব ও আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণের উপযোগী করে গড়ে তোলা হয়।

গাজীপুর স্কাউট প্রশিক্ষণ জাতীয় ইয়ুথ ফোরাম

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:20

URL: https://www.timestodaybd.com/public/campus/2182676785